




# সিভিলিয়ান অভিযোগ পর্যালোচনা বোর্ড



## মধ্যস্থতার জন্য নির্দেশনাবলী

*CCRB- এর মাধ্যমে কোনো অভিযোগ করার পরে, আপনি মধ্যস্থতায় অংশগ্রহণ করার জন্য সুযোগ পেতে পারেন।*

কিভাবে আমি মধ্যস্থতা বিষয়ে আরো তথ্য খুঁজে পাবো?

CCRB-তে মধ্যস্থতার বিষয়ে আরো জানতে, অনুগ্রহ করে CCRB-এর মধ্যস্থতা সুপারভাইজরের সাথে 212-912-3480 নম্বরে যোগাযোগ করুন। মধ্যস্থতা বিষয়ে তথ্য দেখুন [www.nyc.gov/ccrb](http://www.nyc.gov/ccrb)

## মধ্যস্থতা কি?

মধ্যস্থতা হল একটি উপায়:

- নিজের সম্পর্কে কথা বলার
- অন্যরা কি বলে তা শোনার

মধ্যস্থতা হল একজন পুলিশ অফিসারের সাথে আপনার বিরোধীতার সমাধান করা।

## মধ্যস্থতায় কি হয়?

মধ্যস্থতায়, আপনার অভিযোগের বিষয়ে সমাধানের জন্য একটি আরামদায়ক, চুপচাপ এবং ব্যক্তিগত জায়গায় মধ্যস্থতাকারীর সাথে আপনি এবং অফিসার একসাথে বসবেন।

মধ্যস্থতাকারী হল:

- একজন প্রশিক্ষিত পেশাদার যে নিরপেক্ষতার সাথে আলোচনা পরিচালনা করেন
- এবং কোনো একটি পক্ষকে সমর্থন করেন না কে সঠিক বা ভুল সে বিষয়ে মধ্যস্থতাকারী কোনো বিচার বা সিদ্ধান্ত নেয় না

## মধ্যস্থতার একমাত্র লক্ষ্য পারস্পারিক বোঝাপড়া

মধ্যস্থতাকারী আপনাকে এবং অফিসারকে কি ঘটেছিলো তা বিস্তারিত বলার সুযোগ দিবেন। আপনি নির্দিষ্টভাবে আপনার মনের কথা বলতে পারবেন এবং আপনার অনুভূতি প্রকাশ করতে পারবেন এবং অফিসারকে বলতে পারবেন আপনি তার আচরণের কোন বিষটিকে ভুল বা আঘাতমূলক বলে মনে করেছিলেন। মধ্যস্থতাকারী অফিসারকে আপনার কথার প্রতিক্রিয়া জানাতে বলবেন এবং তার কাজ এবং দৃষ্টিকোন ব্যখ্যা করতে বলবেন। মধ্যস্থতা একটি পারস্পারিক বোঝাপড়ার সুযোগ তৈরি করে

আপনি এবং অফিসারের মধ্যস্থতা তখনই শেষ হবে যখন আপনারা দুইজনই অভিযোগটি সমাধান করে সন্তুষ্ট হবেন। হাত মেলানোর মাধ্যমে মধ্যস্থতা সেশন শেষ হয়।

## মানুষ কেনো মধ্যস্থতা পছন্দ করে?

মধ্যস্থতা আপনাকে যা দেয়:

- আপনার অভিযোগের সমাধানের উপর নিয়ন্ত্রণ
- একজন অফিসারের সাথে রাস্তার ব্যস্ততা থেকে দূরে বসে সরাসরি কথা বলার বিরল সুযোগ
- অফিসারকে তার ব্যবহার বা কথা কিভাবে প্রভাব ফেলে তা সেই অফিসারকে বলে সন্তুষ্ট পাওয়া
- আপনার কথা কেউ শুনছে তার তৃপ্তি



(ছবিটি  
তুলেছেন:  
Grell)

"রাস্তায় অফিসারের ব্যবহার দেখে আমার মনে হয়েছিলো যে সে আমার কথা শুনতে চান না। যাই হোক, আমাদের মধ্যস্থতার সময়ে, আমরা দুইজনই স্বাধীনভাবে কথা বলেছি। এখন আমরা একে অপরকে ভালোভাবে বুঝতে পেরেছি।"

•••

"অফিসার এবং আমি সবসময় একমত হইনি। তবে আমি সন্তুষ্ট কারণ অফিসারের ব্যবহার সম্পর্কে আমি যা চিন্তা করেছিলাম তা আমি তাকে ব্যক্তিগতভাবে বলার সুযোগ পেয়েছিলাম।"

•••

সমাপ্তিতে পৌঁছানোর ক্ষেত্রে এটা অনেক সহায়ক ছিল কারণ সিভিলিয়ানরা সাধারণত কোর্টে না গেলে তাদের মতামত উপস্থাপনের সুযোগ পায় না।"

## মধ্যস্থতা বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য

মধ্যস্থতা স্বেচ্ছামূলক এবং শাস্তি যোগ্য নয় মধ্যস্থতা একটি শাস্তিহীন প্রক্রিয়া। এটা ঐচ্ছিক। আপনি অথবা অফিসার মধ্যস্থতার প্রস্তাব বাতিল করতে পারবেন। মধ্যস্থতা চলাকালীন অবস্থায় যদি আপনি সিধাস্ত নেন যে আপনি যা চাচ্ছিলেন তা মধ্যস্থতা নয়, তাহলে CCRB অভিযোগটি তদন্ত করবেন।

মধ্যস্থতা সেশনটি গোপন এবং রেকর্ড বা ভিডিও করা যাবে না।

যেহেতু মধ্যস্থতা গোপন তাই আপনি এবং অফিসার নির্দিধায় কথা বলতে পারবেন। মধ্যস্থতার সময় যা বলা হয়েছিল তা নিয়ে পরবর্তীতে আলোচনা না করার সম্মতি প্রদানের জন্য আপনাকে এবং অফিসারকে অবশ্যই একটি গোপনীয়তার ফর্মে স্বাক্ষর করতে হবে। মধ্যস্থতাকারীও এই চুক্তিতে স্বাক্ষর করবেন।

শুধুমাত্র কিছু নির্দিষ্ট ধরনের অভিযোগের মধ্যস্থতা করা যেতে পারে

সকল অভিযোগ মধ্যস্থতার জন্য যোগ্য নয়। যেমন, গুরুতর শারীরিক আঘাত, সম্পত্তির ক্ষতি বা পুলিশের বিরুদ্ধে মামলা হলে মামলার মধ্যস্থতা করা যাবে না।

## তদন্ত

কখনও একটি অভিযোগ যথাযথ মধ্যস্থতা হিসাবে ধরা হয়না এবং CCRB নিজেরাই তদন্ত করবেন।

তদন্ত করার সময়, CCRB আপনার থেকে, অফিসারগণ এবং যদি কোনো সাক্ষী থাকে তাহলে তাদের থেকে অডিও এবং ভিডিও এবং বিবৃতি সংগ্রহ করা সহ কি হয়েছিল সে বিষয়ে তারা সত্যিটা খুঁজে বের করার চেষ্টা করবেন এবং সকল প্রমাণগুলি একত্র করবেন।

ঘটনার তথ্য খুঁজে পাওয়ার মাধ্যমে প্রত্যেকটি তদন্ত শেষ হয়। কখনো তদন্তের মাধ্যমে অফিসারের অসদাচরণের প্রমাণ পাওয়া যায় এবং কখনো পাওয়া যায়না।

## কোথায় এবং কখন

লোয়ার ম্যানহাটানের 100 100 Church Street-এর দশম ফ্লোরের CCRB অফিসে সকল মধ্যস্থতা সম্পন্ন হয়। সোমবার থেকে শুক্রবার আপনার সুবিধামত সময়ে মধ্যস্থতা সম্পন্ন করা হয়। বেশিরভাগ সেশন এক ঘণ্টার মত সময় নেয়



CCRB-এর মধ্যস্থতা বিষয়ে আরও জানতে: 212-912-3480

আমাদের ওয়েবসাইটে মধ্যস্থতা বিষয়ে আরও জানুন: [www.nyc.gov/ccrb](http://www.nyc.gov/ccrb)

NYC-এর সিভিলিয়ান অভিযোগ পর্যালোচনা বোর্ড 100 Church St. New York, NY 10007